# ফাতাওয়া আরকানুল ইসলাম

বিভাগ/অধ্যায়ঃ ঈমান

রচয়িতা/সঙ্কলকঃ শাইখ মুহাম্মাদ বিন সালিহ আল-উসাইমীন (রহঃ)

প্রশ্ন: (৯২) জনৈক লোক একটি ঘরে বসবাস শুরু করার পর থেকেই রোগে আক্রান্ত হয়েছে। সেই সাথে আক্রান্ত হয়েছে আরো বড় বড় কয়েকটি মুসীবতে, যার কারণে সে এ ঘরে বসবাস করাকে অমঙ্গলের কারণ হিসাবে মনে করছে। তার জন্য কি ঘর ছেড়ে দেওয়া জায়েয আছে?

উত্তর: কোনো কোনো ঘর, যানবাহন এবং স্ত্রী লোকের ভিতরে আল্লাহ তা'আলা বিশেষ কোনো উদ্দেশ্যে অমঙ্গল নির্ধারণ করে থাকেন। হতে পারে ক্ষতির উদ্দেশ্যে কিংবা কল্যাণ প্রতিহত করার উদ্দেশ্যে বা অন্য কোনো উদ্দেশ্যে। তাই এ ঘর বিক্রি করে অন্য ঘরে চলে যাওয়াতে কোনো দোষ নেই। হতে পারে অন্য ঘরে চলে যাওয়াতেই তার জন্য কল্যাণ রয়েছে। নবী সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লাম বলেছেন,

«إِنَّمَا الشُّؤْمُ فِي ثَلَاثَةٍ فِي الْفَرَسِ وَالْمَرْأَةِ وَالدَّارِ»

"তিনটি বস্তুর মধ্যে অকল্যাণ রয়েছে: ঘোড়া, স্ত্রীলোক এবং গৃহে।"[1]
কোনো যানবাহন অকল্যাণকর হতে পারে, কোনো কোনো স্ত্রীলোকের মাঝে অকল্যাণ থাকতে পারে এবং কোনো কোনো ঘরেও তা থাকতে পারে। মানুষ যখন এ জাতীয় কিছু দেখতে পেলে যেন মনে করে যে, এটা আল্লাহর পক্ষ থেকে নির্ধারিত। কোনো না কোনো উদ্দেশ্যে আল্লাহ এ জাতীয় অকল্যাণ নির্ধারণ করে থাকেন। যাতে করে মানুষ এক জায়গা থেকে অন্য জায়গায় স্থানান্তরিত হয়।

## ফুটনোট

[1] সহীহ বুখারী, অধ্যায়: কিতাবুল জিহাদ।

Source — https://www.hadithbd.com/books/link/?id=624

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন